# ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১

মুক্তাগাছা, ময়মনসিংহ।

ISO 9001:2015 Certified

**E-mail: gmmpbs1@gmail.com, Web: www. pbs1.mymensingh.gov.bd**

স্মারক নং-২৭.১২.৬১৬৫.৫১৭.০১.০০৮.২০২৫. ৪০৭৬

তারিখ: ২২ এপ্রিল, ২০২৫ খ্রি.
০৯ বৈশাখ, ১৪৩২ বঙ্গাব্দ

## "নিলাম ও পুনঃ নিলাম দরপত্র বিজ্ঞপ্তি"

ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর ২০২১-২০২২ ও ২০২২-২০২৩ অর্থ বছরের পরিচালন ও রক্ষণাবেক্ষন স্টোরের কনডেম ঘোষিত বিক্রয়যোগ্য সুপার এনামেল কপার তার, স্টীল পোল, লৌহ জাতীয় হার্ডওয়্যার মালামাল এবং বিভিন্ন সাইজের কাঠের পোল/পোলের খন্ডাংশ ও অন্যান্য অব্যবহারযোগ্য বিভিন্ন প্রকার মালামাল যেখানে যে অবস্থায় আছে ভিত্তিতে নিলামে বিক্রয়ের জন্য নিম্নলিখিত শর্তসাপেক্ষে পৃথক পৃথক প্যাকেজে দর প্রস্তাবের জন্য আগ্রহী ক্রেতা/প্রতিষ্ঠান/ঠিকাদারগণের নিকট হতে সাদা কাগজে/নিজস্ব লেটার হেড প্যাডে বিস্তারিত ঠিকানা, মোবাইল নম্বর ও স্বাক্ষরসহ সীলমোহরকৃত খামে পুনঃ নিলাম দরপত্র আহবান করা যাচ্ছে।

| প্যাকেজ নং | দরপত্র নং | বিক্রয়যোগ্য মালামালের বিবরণ (কনডেমকৃত) | পরিমাণ (কেজি/ সংখ্যা) | দরপত্র দলিলের মূল্য (টাকা) | দরপত্র জামানতের পরিমাণ (টাকা) | দরপত্র দলিল বিক্রয়ের সময়সূচী | নিলাম দরপত্র গ্রহণ ও খোলার স্থান ও সময়সূচী | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | গ্রহণ | খোলা |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| পুন: নিলাম গ্রুপ-ক | ১৭/২০২৪-২৫ | সুপার এনামেল কপার তার | ১৩,৩৫০ কেজি | ৩,০০০/- | উদ্ধৃত মোট মূল্যের ২৫% | ২৪/০৪/২০২৫ খ্রি. রোজ বৃহস্পতিবার হতে ৩০/০৪/২০২৫ খ্রি. রোজ বুধবার ০৪:০০ ঘটিকা পর্যন্ত। | পরিচালক, পবিস মনিটরিং ও ব্য: প: (কে:অ:) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা ও ময়মনসিংহ পবিস-১, মুক্তাগাছা, ময়মনসিংহ **০৪/০৫/২০২৫ খ্রি. তারিখ রোজ-রবিবার ১১:০০ ঘটিকা।** | পরিচালক, পবিস মনিটরিং ও ব্য: প: (কে:অ:) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা ও ময়মনসিংহ পবিস-১, মুক্তাগাছা, ময়মনসিংহ **০৪/০৫/২০২৫ খ্রি. তারিখ রোজ- রবিবার ১১:০৫ ঘটিকা।** |
| পুন: নিলাম গ্রুপ-খ | ১৮/২০২৪-২৫ | লৌহ জাতীয় হার্ডওয়্যার মালামাল | ৬,৮১৫ কেজি | ১,০০০/- | | | | |
| পুন: নিলাম গ্রুপ-গ | ১৯/২০২৪-২৫ | স্টীল পোল | ৮,৩৪০ কেজি | ১,০০০/- | | | | |
| নিলাম গ্রুপ-ঘ | ২০/২০২৪-২৫ | কাঠের পোল/পোলের খন্ডাংশ (আর-১০) | ৫৯,৬০০ কেজি | ১,০০০/- | | | | |
| | | কাঠের পোল/পোলের খন্ডাংশ (আর-১১) | ১৬,২০০ কেজি | | | | | |
| | | কাঠের পোল/পোলের খন্ডাংশ (আর-৩) | ১০,৩৭৫ কেজি | | | | | |
| | | কাঠের পোল/পোলের খন্ডাংশ (আর-৬) | ৫,৭৬০ কেজি | | | | | |

১. আগ্রহী দরদাতাকে ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১ অনুকূলে যেকোনো তফসিলি ব্যাংক হতে ০৫ (পাঁচ) নং কলামে বর্ণিত পরিমাণ টাকার (অফেরতযোগ্য) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সংযুক্ত করত: ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর জেনারেল ম্যানেজার বরাবর নিজস্ব লেটার হেড প্যাডে আবেদনের মাধ্যমে ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সদর দপ্তর, মুক্তাগাছা, ময়মনসিংহ এবং পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কে:অ:) পরিদপ্তর, বাপবিবোর্ড, খিলক্ষেত, ঢাকা-১২২৯ হতে দরপত্র দলিল সংগ্রহ করতে পারবেন।

২. নিলাম ও পুনঃনিলাম দরপত্র দাখিলের প্রতিটি দরপত্রের সাথে ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১ অনুকূলে যে কোন তফসীলি ব্যাংক হতে ০৬ (ছয়) নং কলামে বর্ণিত পরিমাণ অর্থাৎ উদ্ধৃত মোট নিলাম দরের ২৫% টাকার (ব্যর্থ দরদাতাদের জামানত প্রযোজ্য ক্ষেত্রে ফেরতযোগ্য এবং বিক্রয়াদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানের ক্ষেত্রে সমন্বয় করা হবে) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সংযুক্ত করতে হবে। নিরাপত্তা জামানত ছাড়া কোনো দরপত্র গ্রহনযোগ্য হবে না। নিলাম দরপত্রসমূহ বর্ণিত সময়সূচী অনুযায়ী পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কে:অ:) পরিদপ্তর, বাপবিবোর্ড, খিলক্ষেত, ঢাকায় ও ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সদর দপ্তরে দরদাতাদের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) গ্রহণ ও খোলা হবে।

৩. নিলাম ও পুনঃনিলাম দরপত্র গ্রহণ/খোলার দিন যদি কোন কারণে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক ছুটি ঘোষিত হয় তবে পরবর্তী অফিস খোলার দিন নির্ধারিত সময়ে দরপত্র গ্রহণ/খোলা হবে। ডাক/কুরিয়ার যোগে কোন নিলাম দরপত্র দলিল প্রেরণ বা গ্রহণ করা হবে না।

৪. আগ্রহী যে কোন ক্রেতা/প্রতিষ্ঠান/ঠিকাদারগণ বর্ণিত মালামালের দর প্রস্তাবের ক্ষেত্রে উপরের বর্ণনা অনুযায়ী নির্ধারণকৃত গ্রুপ/প্যাকেজ অনুযায়ী পৃথক পৃথকভাবে প্রাপ্ত সর্বোচ্চ ও রেসপনসিভ নিলাম দরদাতাকে পৃথকভাবে বিক্রয়াদেশ প্রদান করা হবে।

৫. সীলমোহরকৃত খামের উপর স্পষ্টাক্ষরে প্যাকেজ নম্বর উল্লেখসহ **"নিলাম ও পুনঃ নিলাম দরপত্র বিজ্ঞপ্তি"** কথাটি লিখতে হবে।

৬. কৃতকার্য নিলাম দরদাতাকে দরপত্র সংক্রান্ত বিক্রয়াদেশ প্রদানের তারিখ হতে ২১ (একুশ) দিনের মধ্যে অবশিষ্ট ৭৫% মূল্য এবং সরকারি নিয়মানুযায়ী উদ্ধৃত মোট নিলাম দরের উপর পৃথক পৃথকভাবে প্রযোজ্য হারে ভ্যাট ও অন্যান্য উৎস করসহ নগদ/পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে পরিশোধ পূর্বক নিজস্ব ব্যয়ে যেখানে যে অবস্থায় আছে সেখান হতে মালামাল গ্রহণ করতে হবে। অন্যথায় বিক্রয়াদেশ বাতিলসহ দরপত্রের সাথে দাখিলকৃত নিরাপত্তা জামানতের অর্থ সম্পূর্ণ বাজেয়াপ্ত করা হবে। উল্লেখ্য যে, পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর ক্ষেত্রে নগদায়নের পর মালামাল ডেলিভারী দেওয়া হবে।

৭. বর্ণিত মালামালসমূহ প্রতিদিন অফিস চলাকালীন (ছুটির দিন ব্যতীত) আগামী ৩০/০৪/২০২৫ খ্রি. পর্যন্ত ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর স্টোর, মুক্তাগাছা, ময়মনসিংহ পরিদর্শন করা যাবে এবং এতদসংক্রান্ত যাবতীয় তথ্যাদি সংগ্রহ করা যাবে।

৮. দাখিলকৃত দরপত্রে উপর্যুক্ত প্রতিনিধির স্বাক্ষর থাকতে হবে। দরপত্রে কোন প্রকার কাটাছেঁড়া/ঘষামাজা গ্রহণযোগ্য হবে না। উদ্ধৃত একক দর ও মোট দর কথায় উল্লেখ করতে হবে। শর্তবহির্ভূত কোন সমস্যার উদ্ভব হলে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

৯. নিলাম দরপত্র সম্পর্কে কাহারও কোন প্রকার জিজ্ঞাসা থাকলে/ব্যাখ্যার প্রয়োজন হলে তা দরপত্র দাখিলের জন্য নির্ধারিত সময়ের কমপক্ষে ০৩ (তিন) দিন পূর্বে নিম্নের ঠিকানায় লিখিতভাবে অনুরোধ জানাতে হবে।

**১০. নিলাম গ্রুপ-ঘ এর জন্য বিশেষ নির্দেশনাঃ** পবিস ও পল্লী বিদ্যুতায়ন কার্যক্রমে ব্যবহার অনুপযোগী ও কনডেমকৃত এ সকল কাঠ Choromated Copper Aresenate (CCA) ট্রিটেট থাকায় এগুলো কোনভাবেই জ্বালানী কাঠ হিসেবে ব্যবহার করা যাবে না। পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় কর্তৃক ২০১০ সালে প্রণীত 3R Strategy (Rduce, Re-use and Recycle) For Waste Management নীতিমালা অনুযায়ী বৈদ্যুতিক লাইন হতে অপসারিত এ সকল কাঠের অংশ শুধুমাত্র কম্পোজিট উড তৈরীর মাধ্যমে পুন:চক্রায়ন (Recycling) করার বিষয়ে সক্ষম ও অভিজ্ঞতা সম্পন্ন আগ্রহী শিল্প প্রতিষ্ঠানকে বা শিল্প প্রতিষ্ঠানসমূহের পক্ষে তাদের মনোনীত প্রতিনিধি/প্রতিষ্ঠানসমূহের মনোনীত কাঁচামাল সরবরাহকারী ডিলারগণকে তাদের নিজস্ব প্যাডে আবেদন করতে হবে।

১১. পবিস কর্তৃপক্ষ কোনো প্রকার কারণ প্রদর্শন ব্যতিরেকে যে কোন অথবা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

22/04/25

(প্রকৌ. মোহাম্মদ জোনাব আলী)
জেনারেল ম্যানেজার

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি:- (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কে: অ:) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০২। পরিচালক, সম্পত্তি ও লজিস্টিক পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (দরপত্র উন্মুক্তকরণ সময়ে নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করার জন্য অনুরোধসহ)।
০৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর বাপবিবো, ঢাকা (বাপবিবোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
০৪। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
০৫। পুলিশ সুপার, ময়মনসিংহ।
০৬। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার-----------------পবিস-১/২/৩/৪।
০৭। নির্বাহী প্রকৌশলী (এসওডি), বাপবিবো, ময়মনসিংহ (দ:)।
০৮। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সড়ক ও জনপথ বিভাগ, ময়মনসিংহ।
০৯। ডিজিএম, (সদর-কারিগরী/মধুপুর/ফুলবাড়ীয়া/গোপালপুর/ঘাটাইল/ধনবাড়ী জোনাল অফিস), মপবিস-১
১০। এজিএম (অর্থ-হিসাব/ওএন্ডএম/সঃ সেবা/ইএন্ডসি/এইচআর/ওএন্ডএম/আইটি/কালীবাড়ী/আছিম সাঃজোঃঅঃ), মপবিস-১
১১। মেসার্স............................................।
১২। এজিএম (আইটি), ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হলো।
১৩। নোটিশ বোর্ড, মপবিস-১/ওয়েবসাইট: www.pbs1.mymensingh.gov.bd
১৪। অফিস/মাস্টার কপি

22/04/25

(প্রকৌ. মোহাম্মদ জোনাব আলী)
জেনারেল ম্যানেজার